বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/ ২৫০

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

প্রকা/শানিব্যউবি-১(৪)/২০১৬-২০১৭/১২৯৩(১২৫০) তারিখ ঃ ২৫-৪-২০১৭

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক।
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
৩। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ।
৪। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক।
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ দেশের হাওরাঞ্চলে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ, ঢাকা এর ২৪-০৪-২০১৭ তারিখের এসিডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে জারীকৃত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ পরিপালনের জন্য এতদ্‌সংগে সংযুক্ত করা হলো। উক্ত সার্কুলারে বর্নিত ছক মোতাবেক তথ্যাদি আগামী ২০-০৬-২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকদেরকে অনুরোধ করা হলো।

০২। সংযুক্ত পত্রের নির্দেশনা যথাযথ পরিপালন করা হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকগণকে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩। এ বিষয়ে কোন স্পষ্টীকরণের প্রয়োজন হলে অত্র বিভাগের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে-

আপনার বিশ্বস্ত,
২৫.০৪.১৭

সংযুক্তিঃবর্ননামতে।

( মোঃ মিজানুর রহমান)
উপ- মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

প্রকা/শানিব্যউবি-১(৪)/২০১৬-২০১৭/১২৯৩(১২৫০) তারিখ ঃ ২৫-৪-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার,উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১/০২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক, কৃষি ঋণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। নথি/মহানথি।

২৫/০৪/১৭
(মোঃ ইসকান্দার আলী সিকদার)
সহকারী মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৮৭২৩৬

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
নং- DGD তাং- ২৫.০৪.১৭
ডিজিএম........
স্টাফ অফিসার

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং 4062 তাং ২৩.৪.১৭
★ ডিএমডি-
★ জিএম GP/Recovery
★ ডিজিএম
★ সভায় কার্যপত্র পেশ করুন
★ প্রয়োজনীয় পদক্ষেপ নিন
★ আলাপ করুন
★ জরুরী
ব্যবস্থাপনা পরিচালক

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার নং- ১

তারিখঃ ১১ বৈশাখ, ১৪২৪
২৪ এপ্রিল, ২০১৭

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**দেশের হাওরাঞ্চলে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

সম্প্রতি বাংলাদেশের হাওরাঞ্চল তথা সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, ব্রাহ্মণবাড়িয়াসহ দেশের বিভিন্ন এলাকায় পাহাড়ি ঢলের পানি এবং ভারী বৃষ্টিপাতে সৃষ্ট আকস্মিক বন্যায় ধানসহ কৃষিজাত ফসল প্রায় সম্পূর্ণ ধ্বংস হওয়ায় এতদ্‌ঞ্চলের কৃষকগণ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছেন। বিশেষ করে হাওরাঞ্চলের প্রধান ফসল বোরো ধান ও অন্যান্য ফসল পানিতে তলিয়ে যাওয়ায় কৃষকরা অতিশয় ক্ষতিগ্রস্থ হয়েছেন। কাঁচা-পাকা ধান পানিতে পঁচে পানিদূষণ জনিত কারণে মৎস্য সম্পদেরও ব্যাপক ক্ষতি হয়েছে।

এমতাবস্থায়, হাওরাঞ্চলে আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবেলায় নিম্নোক্ত পদক্ষেপসমূহ আশু বাস্তবায়ন করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো ঃ

- ক্ষতিগ্রস্থ অঞ্চলসমূহে কৃষকদের ক্ষতি কাটিয়ে উঠে কৃষি উৎপাদন কর্মকান্ড অব্যাহত রাখার লক্ষ্যে রোপা আমনসহ অন্যান্য ফসল ও মৎস্য খাতে প্রকৃত চাহিদা ও বাস্তবতার নিরিখে নতুন ঋণ বিতরণ এবং রবি শস্য ও আমদানী বিকল্প ফসলে (ডাল, তৈলবীজ, মসলা ও ভুট্টা) রেয়াতি হার সুদে ঋণ প্রদান জোরদার করা;
- পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি ঋণ আদায় স্থগিতকরণ, সহজ কিস্তি আদায়ের মাধ্যমে ঋণ নিয়মিতকরণ/ ডাউন পেমেন্ট এর শর্ত শিথিলপূর্বক ঋণ পুনঃতফশীলীকরণ সুবিধা প্রদান;
- নতুন করে কোন সার্টিফিকেট মামলা না করে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অনাদায়ী ঋণসমূহে Balance confirmation certificate, Token money প্রভৃতির মাধ্যমে ঋণ তামাদি হওয়া প্রতিবিধানে ব্যবস্থা গ্রহণ এবং দায়েরকৃত সার্টিফিকেট মামলা গুলোর persuation আপাততঃ বন্ধ রেখে সোলেনামার মাধ্যমে মামলার নিষ্পত্তিকরণ;
- বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকগণ যাতে প্রকৃত চাহিদা মোতাবেক যথাসময়ে নতুন ঋণ সুবিধা গ্রহণ করতে পারেন এবং ঋণ পেতে কোনরূপ হয়রানির শিকার না হন সে বিষয়টি নিবিড়ভাবে তদারকি করা;
- ক্ষতিগ্রস্থ কৃষকদের বসতবাড়ির আঙিনায় হাঁস-মুরগী ও গবাদী পশু পালন, গো-খাদ্য উৎপাদন ও ক্রয় ইত্যাদি খাতে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

এ বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সংযোজিত ছকে আগামী ২৫/০৬/২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্যও আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০১ (এক) টি ছক।

(মনোজ কান্তি বৈরাগী)
মহাব্যবস্থাপক

সংযুক্ত ছক

## দেশের হাওড় অঞ্চলীয় জেলাসমূহে ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদানঃ ২০১৭

ব্যাংকঃ

সময়কালঃ

লক্ষ টাকায়

| ক্রমিক নং | জেলার নাম | খাতের বিবরণ (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) | নতুন ঋণ গ্রহীতা কৃষকের সংখ্যা | নতুন ঋণ বিতরণের পরিমান | পুনঃতফসীলকৃত ঋণের সংখ্যা | পুনঃতফসীলকৃত ঋণের পরিমান | সোলেনামার মাধ্যমে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |